

- ২। প্রগতি সাহিত্য আন্দোলনের মূল প্রত্যয়গুলিকে চিহ্নিত করে বাংলা সাহিত্যে সেগুলির প্রয়োগ ও পরিণতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- ৩। তেতাল্লিশের মন্বন্তর বাংলাদেশের সামাজিক ও সাংস্কৃতিক জীবনে গভীর অভিঘাত সৃষ্টি করেছিল। এই অভিঘাতের প্রতিক্রিয়া বাংলা কথাসাহিত্যে কীভাবে পড়েছে আলোচনা করো।
- ৪। স্বাধীনতার তাৎপর্য পশ্চিমবঙ্গের ইতিহাসে বহুমাত্রিক। পশ্চিমবঙ্গের বাংলা সাহিত্যে এই বহুমাত্রিকতার প্রকাশগুলিকে দৃষ্টান্তসহ চিহ্নিত করো।
- ৫। স্বাধীনতা-উত্তর পশ্চিমবঙ্গের আর্থ-সামাজিক ও রাজনৈতিক পরিস্থিতি বাংলা সাহিত্যে যে সমস্ত নতুন মাত্রা যোগ করেছিল সে বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করো।
- ৬। স্বাধীনতা পরবর্তী বাংলা সাহিত্যে দুটি ধারার বিকাশ ঘটে। একটি বাণিজ্যপোষিত জনপ্রিয় এবং অন্যটি মতাদর্শনির্ভর 'দায়বদ্ধ' সাহিত্যের ধারা—এই মন্তব্য সম্পর্কে তোমার মতামত লিপিবদ্ধ করো।

কলা স্নাতকোত্তর অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৩

(প্রথম বর্ষ, দ্বিতীয় সেমিস্টার)

বাংলা

কোর্স : পি.জি.-২.১

বাংলা সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস / আধুনিক যুগ

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

প্রতি পর্ব থেকে অন্তত একটি করে সর্বমোট তিনটি প্রশ্নের উত্তর লেখো।

পর্ব-১

- ১। উনিশ শতকের বিভিন্ন সাহিত্য সংরূপে আত্মপ্রক্ষেপণের হৃদিস পাওয়া যায়। দৃষ্টান্তযোগে বিষয়টি বিশ্লেষণ করে দেখাও।
- ২। উনিশ শতকের প্রায় প্রতিটি সাহিত্য-সংরূপেই প্রত্যক্ষ বা পরোক্ষে রাজনৈতিক ভাবনার চিহ্ন আছে। বিষয়টি আলোচনা করো।
- ৩। উনিশ শতকে নতুন ভাবধারায় সম্পৃক্ত বিদ্যাসাগরের বিভিন্ন সাহিত্যিক ও সামাজিক উদ্যোগের গুরুত্ব আলোচনা করো।
- ৪। উনিশ শতকের বাংলা নাটকের বিভিন্ন প্রবণতা বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

৫। সংক্ষেপে আলোচনা করো :

৫+৫

ক) উনিশ শতকের সাময়িক পত্রে মহিলাদের সাহিত্যপ্রয়াস

খ) বিবেকানন্দের বাংলা গদ্য

পর্ব-২

- ১। বঙ্গভঙ্গবিরোধী আন্দোলনকে কেন্দ্র করে জাতীয়তাবাদী চেতনার বিকাশ কীভাবে বাংলা কবিতা ও গানকে প্রভাবিত করেছিল, সে বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করো।